**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০২২, তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।**

**বিষয়ঃ পাইকারী ব্যবসায়ী কর্তৃক সরবরাহকৃত পণ্যের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর নির্ধারণ, আদায় ও পরিশোধ পদ্ধতি।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৭খ, তৃতীয় তফসিল এর অনুচ্ছেদ ৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, পাইকারী ব্যবসায়ী কর্তৃক সরবরাহকৃত পণ্যের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর নির্ধারণ, আদায় ও পরিশোধ করিবার নিমিত্ত নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:-

১। **শিরোনাম।**– এই আদেশ পাইকারী ব্যবসায়ী কর্তৃক সরবরাহকৃত পণ্যের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর নির্ধারণ, আদায় ও পরিশোধ পদ্ধতি, ২০২২ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।**- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আদেশে-

(ক) **"আইন"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) **"কমিশনার"** অর্থ আইনের ২ এর দফা (২৩) এ সংজ্ঞায়িত কমিশনার;

(গ) **"বিভাগীয় কর্মকর্তা"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২ এর দফা (টট) এ সংজ্ঞায়িত বিভাগীয় কর্মকর্তা;

(ঘ) **"ব্যবসায়ী"** অর্থ আইনের তৃতীয় তফসিলে সংজ্ঞায়িত ব্যবসায়ী;

(ঙ) **"পাইকারী ব্যবসায়ী"** অর্থ উক্ত ব্যবসায়ী যিনি একই প্রকৃতির সীমিত ধরণের পণ্য এক চালানে বেশী পরিমাণে খুচরা বিক্রেতা বা অন্য কোন পাইকারী ব্যবসায়ীর নিকট বিক্রয় করেন এবং যাহার অবস্থান হইবে পাইকারী মার্কেট হিসেবে পরিচিত কোন স্থান; তবে, উক্তরূপ বিক্রয়ের পাশাপাশি চূড়ান্ত ভোক্তার নিকট স্বল্প পরিমাণে খুচরা বিক্রয় করিলেও তিনি পাইকারী ব্যবসায়ী হিসাবে বিবেচিত হইবেন; এবং

(চ) **"মূসক"** অর্থ মূল্য সংযোজন কর।

৩। **প্রযোজ্যতা।–** এই বিধিমালা নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পাইকারী ব্যবসার ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

(ক) কাপড় (শাড়ী, লুঙ্গি, থ্রি পিস ইত্যাদি সহ) ও কাগজ জাতীয় পণ্যের পাইকারী বিক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(খ) প্রতি কর মেয়াদে খুচরা বিক্রয়ের পরিমান মোট বিক্রিত পণ্যের ২০ শতাংশের বেশী হইবে না;

(গ) সংশ্লিষ্ট কমিশনারের অনুমোদনের ভিত্তিতে বিভাগীয় কর্মকর্তার নিকট হতে **"পরিশিষ্ট-খ"** অনুযায়ী পাইকারী ব্যবসায়ী হিসেবে প্রত্যয়ন পত্র গ্রহণ করিতে হইবে।

৪। **মূসক হার, পরিশোধ পদ্ধতি ও হিসাব রক্ষণ।–** পাইকারী ব্যবসায়ীর ক্ষেত্রে নিম্নরূপে মূসক হার নির্ধারণ ও হিসাবরক্ষণ ব্যবস্থিত হইবে, যথা:-

(ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর তৃতীয় তফসিলের অনুচ্ছেদ ৪ অনুযায়ী পাইকারী ব্যবসার ক্ষেত্রে মূসক হার হইবে ১.৫ শতাংশ;

(খ) অনুচ্ছেদ ২ এর দফা (গ) এ সংজ্ঞায়িত ব্যবসায়ীগণ সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট পাইকারী ব্যবসায়ী হিসেবে মূল্য সংযোজন কর প্রদানের জন্য **"পরিশিষ্ট-ক"** অনুযায়ী আবেদন দাখিল করিবেন; অতঃপর উক্ত আবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক সুপারিশসহ প্রতিবেদন ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট প্রেরণ করিবেন। কমিশনার প্রতিবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে এ বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিবেন।

(গ) পণ্য সরবরাহের সময় **"পরিশিষ্ট-গ"** অনুযায়ী সংখ্যানুক্রমিক কর চালান পত্র ফরম **"মূসক-৬.৩ক"** জারি করিতে হইবে;

(ঘ) **"পরিশিষ্ট-ঘ"** অনুযায়ী ফরম **"মূসক-৬.২.১ক"** এ হিসাব সংরক্ষণ করিতে হইবে;

(ঙ) ফরম **"মূসক-৯.১"** এ আইনের বিধান অনুযায়ী কর মেয়াদান্তে দাখিলপত্র পেশ করিতে হইবে;

(চ) দফা (গ), দফা (ঘ) ও দফা (ঙ) এ উল্লিখিত ফরম সমূহ ৫ (পাঁচ) বছরের জন্য সংরক্ষণ করিতে হইবে।

৫। এই আদেশ ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

<u>**পরিশিষ্ট-ক**</u>

**পাইকারী ব্যবসায়ী হিসেবে মূল্য সংযোজন কর প্রদানের আবেদনপত্র**

তারিখঃ

বরাবর
বিভাগীয় কর্মকর্তা
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ----------------।

**বিষয়ঃ পাইকারী ব্যবসায়ী হিসেবে মূল্য সংযোজন কর প্রদানের আবেদন।**

আমি ---------- নামীয় ব্যক্তি/প্রতিষ্ঠান (মূসক নিবন্ধন নম্বর ------) ------ পাইকারী মার্কেটের ------ পণ্যের পাইকারী ব্যবসায়ী। আমি পাইকারী ব্যবসায়ী কর্তৃক সরবরাহকৃত পণ্যের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর নির্ধারণ, আদায় ও পরিশোধ পদ্ধতি, ২০২২ অনুযায়ী পাইকারী ব্যবসায়ী হিসেবে মূল্য সংযোজন কর প্রদানে আগ্রহী।

পাইকারী ব্যবসায়ী হিসেবে আমার প্রতিষ্ঠানকে তালিকাভুক্তির জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর :
নাম :
পদবি :
নিবন্ধিত প্রতিষ্ঠানের
নাম:
ফোন/মোবাইল নম্বর:
সীল :

<u>পরিশিষ্ট-খ</u>

**দাপ্তরিক নাম, লগো ও ঠিকানা**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, -------- নামীয় ব্যক্তি/প্রতিষ্ঠান (মূসক নিবন্ধন নম্বর ------) ------ পাইকারী মার্কেটের ------ পণ্যের পাইকারী ব্যবসায়ী।

প্রতিষ্ঠানের নাম:
ঠিকানা:
ফোন নম্বর:
মূসক নিবন্ধন নম্বর:

সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা নাম, পদবি ও স্বাক্ষর

**মূসক ৬.৩ক**

**<u>পরিশিষ্ট-গ</u>**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

নিবন্ধিত প্রতিষ্ঠানের নাম:
নিবন্ধিত প্রতিষ্ঠানের বিআইএন:
চালানপত্র ইস্যুর ঠিকানা:
ক্রেতার নাম, ঠিকানা ও তারিখ:
বি আই এন (প্রযোজ্য ক্ষেত্রে):
যানবাহনের প্রকৃতি ও নম্বর:

| ক্রমিক | পণ্যের বর্ণনা | সরবরাহের একক | পরিমাণ | একক মূল্য[১] (টাকায়) | মোট মূল্য[১] (টাকায়) | মূল্য সংযোজন করের হার | মূল্য সংযোজন কর পরিমাণ (টাকায়) | সকল প্রকার করসহ মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |
| **সর্বমোট=** | | | | | | | | |

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম:
পদবি:
স্বাক্ষর:

সিল:

[১]সকল প্রকার কর ব্যতীত মূল্য ]

**মূসক ৬.২.১ক**

## পরিশিষ্ট-ঘ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

| ক্রমিক সংখ্যা | পণ্যের প্রারম্ভিক জের | তারিখ | ক্রীত পণ্যের বর্ণনা | তারিখ | সংখ্যা/ পরিমান | বিক্রিত পণ্যের বর্ণনা | তারিখ | সংখ্যা/ পরিমান | পণ্যের প্রান্তিক জের | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) = (২+৬-৯) | (১১) |
| | | | | | | | | | | |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**( জাকিয়া সুলতানা )**
**সদস্য (মূসক নীতি)**